পরীক্ষা নিয়ন্ত্রকের অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
(অফিস) ৮৬১৩২৮০
৯৬৬১৯০০-৫৯/৪০৭৯
ফ্যাক্স: ৮৮-০২-৯৬৬৭২২২

OFFICE OF THE CONTROLLER OF EXAMINATIONS
UNIVERSITY OF DHAKA
DHAKA-1000, BANGLADESH
Phone: (off.) 8613280
9661900-59/4079
Fax: 88-02-9667222
E-mail: examcontrollera7c@du.ac.bd

মেমো নং: ১৫৭১/শা-২(ক)/প.

তারিখ: ১৭ কার্তিক ১৪৩০
০২ নভেম্বর ২০২৩

১। অধ্যক্ষ, ঢাকা কলেজ, ধানমন্ডি, ঢাকা।
২। অধ্যক্ষ, ইডেন মহিলা কলেজ, আজিমপুর, ঢাকা।
৩। অধ্যক্ষ, বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, বকশীবাজার, ঢাকা।
৪। অধ্যক্ষ, কবি নজরুল সরকারি কলেজ, মিউনিসিপাল স্ট্রীট, ঢাকা।
৫। অধ্যক্ষ, শহীদ সোহরাওয়ার্দী সরকারি কলেজ, লক্ষ্মীবাজার, ঢাকা।
৬। অধ্যক্ষ, সরকারি বাঙলা কলেজ, মিরপুর, ঢাকা।
৭। অধ্যক্ষ, সরকারি তিতুমীর কলেজ, মহাখালী, ঢাকা।

## ২০২০ সনের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষার ফরমপূরণের বিজ্ঞপ্তি।

পরীক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২০ সনের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষার ফরমপূরণ নিম্নবর্ণিত তারিখ অনুযায়ী Online- এ সম্পন্ন করা হবে। পরীক্ষার তারিখ ও বিস্তারিত সময়সূচি যথাসময়ে ঘোষণা করা হবে। উল্লিখিত পরীক্ষার আবেদন ফরম, বিবরণী ফরম, আনুষঙ্গিক কাগজপত্র পূরণ ও জমাদানের তারিখ এবং ফরমপূরণের বিস্তারিত নিয়মাবলী নিম্নে দেয়া হলো:

১। **শিক্ষার্থী কর্তৃক অনলাইনে ফরমপূরণ, কলেজ কর্তৃক ভেরিফিকেশন, বিবরণী ফরম জমা দেওয়ার তারিখ:**

ক। শিক্ষার্থী কর্তৃক অনলাইনে ফরমপূরণের তারিখ: **০৫/১১/২০২৩ হতে ১৬/১১/২০২৩ পর্যন্ত**

খ। কলেজ কর্তৃক অনলাইনে ভেরিফিকেশন ও ব্যাংক ড্রাফটের শেষ তারিখ: **২০/১১/২০২৩**

২।

| ক্র.নং | পরীক্ষার্থীর ফি- এর বিবরণ | ফি এর পরিমাণ |
|---|---|---|
| ০১ | ৩য় বর্ষ (৭০০ নম্বর) অনিয়মিত | ১২৫০/- (৭০০/- ফি + মার্কসিট ৪৫০/- + ইন-কোর্স ফি ১০০/-) এবং ব্যবহারিক ফি প্রতি বিষয়ে ১৫০/- হারে (প্রযোজ্য ক্ষেত্রে) |
| ০২ | সার্টিফিকেট কোর্স | ৬৫০/- (প্রতি পত্রে ১০০/- হারে + ইন-কোর্স ১০০/- + মার্কসিট ৪৫০/-) |
| ০৩ | কেন্দ্র ফি- তত্ত্বীয় (প্রতি পরীক্ষার্থী)- কলেজে জমা হবে | ৭৫০/- (১। কলেজের অংশ-৩০০/- ২। কেন্দ্রের অংশ-৪৫০/-) |
| ০৪ | ব্যবহারিক কেন্দ্র ফি | ১০০/- (প্রতি বিষয়ে) (কলেজের অংশ) |
| ০৫ | মানোন্নয়ন | ৩০০/- (বিশেষ অন্তর্ভুক্তি ফি)+ ১০০/- হারে (প্রতি পত্রে) |

**বি: দ্রঃ পরীক্ষার ফলাফল যথাসময়ে প্রকাশের স্বার্থে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন ফরমপূরণের জন্য শিক্ষার্থীদের অবহিত করতে হবে। ফরমপূরণের নির্ধারিত সময়ের পর বিলম্ব ফি দিয়ে ফরমপূরণের কোন প্রকার সুযোগ নাই। অনলাইনে ফরমপূরণে কোন শিক্ষার্থী তার প্রদত্ত তথ্যে ভুল করলে তা শিক্ষার্থী নিজেই সর্বোচ্চ ০৩ (তিন) বার সংশোধন করতে পারবে।**

**নিম্নোক্ত নিয়মাবলী অনুযায়ী ফরমপূরণ সম্পন্ন করতে হবে:**

**অনলাইনে আবেদন ফরমপূরণ (শিক্ষার্থীদের জন্য):**

আবেদনকারীকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (7college.du.ac.bd/formfillup.php) **Formfilup বাটনে** ক্লিক করে নিজের রেজিস্ট্রেশন নম্বর ও বিষয় কোড দিয়ে ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে শিক্ষার্থী একটি প্রিভিউ (এন্ট্রি ফরম) দেখতে পাবে। পূরণকৃত ডাটা সঠিক থাকলে অনলাইন থেকে একটি পূরণকৃত আবেদন ফরম (এন্ট্রি ফরম) প্রিন্ট করে নিতে পারবে। পূরণকৃত ফরমে (এন্ট্রি ফরম) পরীক্ষার্থীর বিষয় কোড ও পরীক্ষার বিষয় সহ পরীক্ষার্থীর ব্যক্তিগত তথ্যাবলী উল্লেখ থাকবে। **অনলাইনে ফরমপূরণে কোন শিক্ষার্থী তার প্রদত্ত তথ্যে ভুল করলে তা শিক্ষার্থী নিজেই সর্বোচ্চ ০৩ (তিন) বার সংশোধন করতে পারবে।**

৩। **পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী:**

**অনিয়মিত ও মানোন্নয়ন পরীক্ষার্থীদের জন্য**

i) ২০১৫-১৬, ২০১৬-১৭ শিক্ষাবর্ষের শিক্ষার্থী ও ২০১৬, ২০১৭ সনের রেজিস্ট্রশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৭, ২০১৮ সনের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে উত্তীর্ণ (Promoted) হয়েছে কিন্তু ২০১৮, ২০১৯ সনের ৩য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেনি তারা এ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। এছাড়াও সে সকল শিক্ষার্থীরা ২০১৮ সনে ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ এবং ২০১৯ সনের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে উক্ত দুই পরীক্ষার (২০১৮ ও ২০১৯ সনের ২য় বর্ষ) ফলাফল মিলে ৩য় বর্ষের প্রমোশনের শর্তাবলী **(২য় বর্ষে সকল পত্রে উপস্থিত হয়ে দকমপক্ষে ৩টি তত্ত্বীয় পত্রে D বা তার বেশি গ্রেড পেতে হবে)** পূরণ করে তারাও আলোচ্য ২০২০ সনের ডিগ্রি পাস ৩য় বর্ষ পরীক্ষায় অনিয়মিত হিসাবে অংশগ্রহণ করতে পারবে।

ii) উপরোক্ত শিক্ষার্থীদেরকে ৩য় বর্ষে "ইংরেজি" আবশ্যিকপত্রসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ৫ম ও ৬ষ্ঠ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

ii) ২০১৫-১৬, ২০১৬-১৭ শিক্ষাবর্ষে নিবন্ধিত যে সকল ছাত্র/ছাত্রী ২০১৮, ২০১৯ সনের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষায় এক বা একাধিক কোর্সে F গ্রেড প্রাপ্ত হয়েছে অথবা অনুপস্থিত রয়েছে তারা গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসেবে ২০২০ সনের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষায় ঐ সকল কোর্সে মানোন্নয়ন শিক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবেন। এ ছাড়াও ২০১৯ সনের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষায় যারা নিয়মিত ও অনিয়মিত পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহণ করে C বা D গ্রেড পেয়েছে তারা ঐ সকল কোর্সে ২০২০ সনের সনের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষায় গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। এক্ষেত্রে **একজন পরীক্ষার্থী সর্বোচ্চ দুইটি কোর্সে গ্রেড উন্নয়ন পরীক্ষা দিতে পারবে। তবে কোন পরীক্ষার্থী একটি কোর্সে একবারের বেশি একাধিক বার গ্রেড উন্নীতকরণের সুযোগ পাবে না। কোন শিক্ষার্থী যদি গ্রেড উন্নীত করতে ব্যর্থ হয় তাহলে ঐ কোর্সে তার পূর্বের গ্রেড বহাল থাকবে।**

**সার্টিফিকেট কোর্স পরীক্ষার্থীদের জন্য (২০০ নম্বর)**

i) ২০১৫-১৬, ২০১৬-১৭ শিক্ষাবর্ষে রেজিষ্ট্রেশনকৃত শিক্ষার্থীরা যারা সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষায় উত্তীর্ণ তারা সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষের নির্ধারিত ৫ম ও ৬ষ্ঠ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

ii) এ সকল শিক্ষার্থীরা ২০১৩-১৪ শিক্ষাবর্ষের সিলেবাস অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে।

***** ২০২০ সনের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষায় ২০১৩-২০১৪, ২০১৪-১৫ শিক্ষাবর্ষের শিক্ষার্থীর রেজিস্ট্রেশনের মেয়াদ ইতোমধ্যে উত্তীর্ণ হয়েছে সেক্ষেত্রে শিক্ষার্থীপ্রতি ৫০০০/-(পাঁচ হাজার) টাকা জরিমানা (ফরমপূরনের ফি এর অতিরিক্ত) প্রদান সাপেক্ষে শুধুমাত্র ৩য় বর্ষে "F" গ্রেড প্রাপ্ত কোর্সে উক্ত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।**

৪। **ফি জমাদানের পদ্ধতি:**

২০২০ সালের ৩য় বর্ষ ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স পরীক্ষার সকল পরীক্ষার্থীদের ফিসের টাকা কলেজ কর্তৃপক্ষকে **"Seven College Student fees" শিরোনামে হিসাব নং: ৪৪০৫৭০৩০০০০৯৪- এ সোনালী ব্যাংকের যে কোন শাখায় ব্যাংক ড্রাফট/পে -অর্ডার করে জমা দিতে হবে। ব্যাংক ড্রাফট/পে-অর্ডার অবশ্যই হিসাবে দেয় (A/C Payee) হতে হবে।** এছাড়াও ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রচলিত নিয়মানুসারে প্রতিটি ফরমের মূল্য ১০০/- (একশত টাকা) যা কলেজ কর্তৃপক্ষ "CONTROLLER OF EXAMINATIONS" শিরোনামে হিসাব নং:-33011288 (সোনালী ব্যাংক, ঢাকা বিশ্ববিদ্যালয় কর্পোরেট শাখা) এই নামে সোনালী ব্যাংকের যে কোন শাখায় ব্যাংক ড্রাফট/পে-অর্ডারকরে জমা দিতে হবে, ব্যাংক ড্রাফট/পে-অর্ডার অবশ্যই হিসাবে দেয় (A/C Payee) হতে হবে। কলেজ কর্তৃপক্ষ তাদের খরচ হিসেবে ৫০/- (পঞ্চাশ টাকা) করে (শিক্ষার্থী প্রতি) আদায় করবে।

৫। **ইনকোর্স পরীক্ষার নম্বর প্রেরণ:**

সকল পরীক্ষার্থীদের (অনিয়মিত, মানোন্নয়ন) ক্ষেত্রে কলেজের সংশ্লিষ্ট বিভাগ একটি ইন-কোর্স পরীক্ষার প্রাপ্ত নম্বর রেজিস্ট্রেশন নম্বরের বিপরীতে এন্ট্রি দিয়ে ভেরিফাই করতে হবে। বিশ্ববিদ্যালয় কর্তৃক ভেরিফাই করার শেষ তারিখের পর অনলাইন থেকে ইসকোর্স নম্বরের তালিকা ডাউনলোড করে বিভাগীয় প্রধান এবং কলেজ অধ্যক্ষ মহোদয়ের স্বাক্ষরের পর এক কপি উপ-পরীক্ষা নিয়ন্ত্রক ও দুই কপি পরীক্ষা কমিটির নিকট প্রেরণ করতে হবে।

৬। **ফলাফল:**

এ পরীক্ষার ফলাফল গ্রেডিং পদ্ধতিতে প্রকাশ করা হবে।

(মোঃ বাহালুল হক চৌধুরী) 02.11.2023
পরীক্ষা নিয়ন্ত্রক
ঢাকা বিশ্ববিদ্যালয়
E-mail: examcontrollera7c@du.ac.bd

02.11.2023